অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/6/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

শ্রম দিবসে, গভর্নর হোচুল কর্মক্ষেত্রের নিরাপত্তা জোরদার করতে এবং কর্মীদের পকেটে আরও অর্থ প্রদান করার জন্য চারটি আইনে স্বাক্ষর করেন

আইন (S.4682-B/A.485-B) কর্মক্ষেত্রে গতি লঙ্ঘন পর্যবেক্ষণ ব্যবস্থা বাস্তবায়নের জন্য একটি প্রদর্শন কর্মসূচি প্রতিষ্ঠা করে

আইন (A.3350-A/S.2766-C) নির্মাণ ঠিকাদারদের তাদের অধীনস্থ ঠিকাদারদের কর্মচারীদের বেতনের জন্য দায়বদ্ধ করে

আইন (S.6350-A/A.7434-A) কো-কপস এবং কনডোতে ভবন পরিষেবা কর্মচারীদের প্রযোজ্য মজুরি প্রদান করা আবশ্যক করে যারা 467-a অনুযায়ী করের ছাড় পায়

আইন (S.4049/A.5678) ভাগ করা কাজের সুবিধা প্রসারিত করে

আজ গভর্নর হোচুল কর্মক্ষেত্রের নিরাপত্তা জোরদার করতে এবং কর্মরত নিউ ইয়র্কবাসীদের পকেটে আরও অর্থ প্রদান করার জন্য চারটি আইনে স্বাক্ষর করেন। শ্রমিকদের নিরাপদ রাখতে এবং নির্মাণ ঠিকাদারদের তাদের অধীনস্ত ঠিকাদেরদের কর্মীদের বকেয়া মজুরির জন্য দায়বদ্ধ করার জন্য বিলগুলি কর্মক্ষেত্রে গতি লঙ্ঘন পর্যবেক্ষণ ব্যবস্থা বাস্তবায়নের জন্য একটি প্রদর্শন কর্মসূচি প্রতিষ্ঠা করে। তারা উচ্চমানের কো-অপস এবং কনডোতে ভবন পরিষেবা কর্মীদের প্রচলিত মজুরি প্রদান করার এবং ভাগ করা কাজের সুবিধাগুলি বাড়ানোও আবশ্যক করে।

"প্রতি বছর শ্রমিক দিবসে, নিউ ইয়র্ক নির্মাণের জন্য সংগঠিত শ্রমের গুরুত্বপূর্ণ অবদানের কথা আমাদের মনে পরে, এবং সেই জন্যই আমি আমাদের রাজ্য জুড়ে শ্রমিকদের উন্নতিতে সহায়তা করার জন্য চারটি আইনে স্বাক্ষর করছি," **গভর্নর হোচুল বলেন।** "এই বিলগুলি নিশ্চিত করবে যে শ্রমিকদের ন্যায্য মজুরি দেওয়া হবে, তারা ভালো সুবিধা পাবেন এবং তাদের কর্মস্থলে নিরাপদ থাকবেন। আমাদের রাজ্যে কর্মরত নিউ ইয়র্কবাসীদের সাহায্য করার একটি দীর্ঘ এবং গর্বিত উত্তরাধিকার রয়েছে এবং আমরা ভবিষ্যতের জন্য এটিকে শক্তিশালী করার জন্য কাজ করছি।"

নিউ ইয়র্কের কর্মীবলকে বলিষ্ঠ করবে শ্রম দিবসের আইন

শ্রমিকদের নিরাপদ রাখা
এই আইন (S.4682-B/A.485-B) ফটো ডিভাইসের মাধ্যমে কর্মক্ষেত্রে গতি লঙ্ঘন পর্যবেক্ষণ ব্যবস্থা বাস্তবায়নের জন্য একটি প্রদর্শন কর্মসূচি প্রতিষ্ঠা করে এবং এটি দায়বদ্ধতার নোটিশ এবং পর্যবেক্ষণ ডিভাইস ব্যবহারের মাধ্যমে কিছু ট্রাফিক লঙ্ঘনের বিচারের সাথে সম্পর্কিত।

সিনেটর টিম কেনেডি বলেন, "যখন আমাদের রাস্তাগুলিকে নিরাপদ রাখার কথা ওঠে, নিউ ইয়র্কে মোটরচালক এবং হাইওয়ে কর্মীদের উভয়কেই অগ্রাধিকার দিতে হবে যারা প্রতিদিন আমাদের পরিকাঠামো উন্নতি করতে এবং তার রক্ষণাবেক্ষণের জন্য নিজেদের উৎসর্গ করে। আমি অ্যাসেম্বলি সদস্য ম্যাগনারেলি এবং আমাদের শ্রমজীবী ভাই-বোনদের সাথে এই আইনকে সমর্থন করতে পেরে গর্বিত কারণ আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি এটি জীবন বাঁচাবে এবং শ্রমিকদের নিরাপদে তাদের পরিবারের কাছে ফিরে যেতে দেবে। এই বিধিকে আইনে স্বাক্ষর করে, গভর্নর হোচুল চাকরির সুরক্ষা জোরদার করছেন এবং আমাদের কর্মীবলের কল্যাণের প্রতি স্পষ্ট অঙ্গীকারবদ্ধতা প্রদর্শন করছেন।"

অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম ম্যাগনারেলি বলেন, "রাস্তায় আমাদের শ্রমিকদের নিরাপত্তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কর্মক্ষেত্রে গতি লঙ্ঘন রেকর্ড করার জন্য ক্যামেরাগুলির একটি সিস্টেম তৈরি করা এই শ্রমিকদের সুরক্ষার একটি ধাপ। গতি এবং বিভ্রান্তি মারাত্মক হয়। ফটো মনিটরিং ডিভাইসের ব্যবহার যারা আইন ভঙ্গ করে এবং আমাদের হাইওয়ে কর্মীদের বিপদে ফেলে তাদের চিহ্নিত করে।"

ঠিকাদারদের তাদের অধীনস্থ ঠিকাদারদের মজুরির প্রদান করার জন্য দায়বদ্ধ করা
এই আইন (A.3350-A/S.2766-C) নির্মাণ প্রকল্পের ঠিকাদারদের যৌথভাবে তাদের অধীনস্থ ঠিকাদারদের কর্মীদের বকেয়া মজুরির জন্য দায়বদ্ধ করে। নির্মাণ ঠিকাদাররা বর্তমানে তাদের অধীনস্থ ঠিকাদারদের কর্মীদের মজুরির জন্য দায়বদ্ধ নয় যদি না ঠিকাদার এবং অধীনস্থ ঠিকাদারদের কর্মচারীর মধ্যে কর্মসংস্থানের সম্পর্ক থাকে। বিলটি আইনে পরিণত হওয়ার 120 দিন পরে প্রবেশ করা চুক্তিগুলিতে এই সম্ভাব্যভাবে প্রযোজ্য। এটি ঠিকাদারদের অধীনস্থ ঠিকাদারদের থেকে বেতন সংক্রান্ত তথ্য দাবি করার এবং তথ্য সরবরাহ না করা হলে অর্থ প্রদান বন্ধ করার অধিকার দেয়।

সিনেটর জেসিকা রামোস বলেন, "এই শ্রমিক দিবসে, আমরা নিউ ইয়র্কের শ্রমিকদের জন্য ইতিহাস তৈরি করছি। নির্মাণ শিল্পে মজুরি চুরির মোকাবেলা করা এবং ভাগ করা কর্মসূচিতে নিউ ইয়র্কবাসীদের জন্য সুবিধাগুলি শক্তিশালী করা শ্রমজীবী পরিবারের পকেটে বেশি অর্থ প্রদান করে। আমি দ্রুততম পদক্ষেপ নেওয়ার জন্য গভর্নরকে ধন্যবাদ জানাই এবং একটি সুষ্ঠু ও অন্তর্ভুক্তিমূলক পুনরুদ্ধারের উদ্দেশ্যে আমাদের কাজ অব্যাহত রাখার জন্য উদগ্রীব।"

অ্যাসেম্বলি সদস্য লাতোয়া জয়নার বলেন, "আজ, আমরা মজুরি চুরি দূর করার জন্য গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিচ্ছি। এই আইন কঠোর পরিশ্রমী নির্মাণ শ্রমিকদের স্বার্থকে অসাধু অধীনস্থ ঠিকাদারদের থেকে রক্ষা করে। মজুরি চুরি এমন একটি সুযোগ ভীতিক অপরাধ যা ইতিমধ্যেই প্রভাবিত মানুষ যারা এক বেতন থেকে আরেক বেতনের মধ্যে জীবন যাপন করছেন

তাদের অসমভাবে প্রভাবিত করে। এই আইনের মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট নিশ্চিত করবে যে নির্মাণ শ্রমিকরা আর শোষিত না হন এবং কোন বকেয়া তারা মজুরি সংগ্রহ করতে পারবেন। কঠোর পরিশ্রম কঠোরভাবে প্রাপ্ত উপার্জনের যোগ্য।"

467-A ট্যাক্স অব্যাহতি পাওয়া ভবন পরিষেবার কর্মীদের প্রচলিত বেতন প্রদান করা
এই আইন (S.6350-A/A.7434-A) এর জন্য কো-অপস এবং কনডোর ভবন পরিষেবা কর্মীদের বিদ্যমান মজুরি পরিশোধের করা আবশ্যক করে যারা কর আইনের ধারা 467a এর অধীনে কর অব্যাহতি প্রাপ্ত হন। যে বিল্ডিংগুলির গড় ইউনিটের মূল্যায়ন করা মূল্য 60,000 মার্কিন ডলারের বেশি, সেই বিল্ডিংয়ের ক্ষেত্রে এই আইন প্রযোজ্য, ব্যতিক্রম সেই সব বিল্ডিং যার গড় ইউনিটের মূল্যায়ন 60,000 মার্কিন ডলার থেকে 100,000 মার্কিন ডলার এবং যাতে 30টি ইউনিটের কম আছে। আইনটি হলফনামা তৈরি করে যা কর্মীদের প্রচলিত হারে বেতন প্রদান করার প্রত্যয়ন করে ভবন পরিষেবার সরকারি রেকর্ডের জন্য যা আদালত বা প্রশাসনিক ট্রাইব্যুনালের সামনে পেশ করা যেতে পারে। নিউ ইয়র্ক রাজ্যের শ্রম বিভাগের (The New York State Department of Labor) একটি তদন্ত এবং শুনানি পরিচালনা করার এবং আইন প্রয়োগের জন্য শেষ সিদ্ধান্ত নেওয়ার এবং কর্মচারীদের যথাযথ বেতন দেওয়ার বিষয়টি নিশ্চিত করার ক্ষমতা রয়েছে।

সিনেটর ব্রায়ান বেঞ্জামিন বলেন, "বিলাসবহুল অ্যাপার্টমেন্ট বিল্ডিংগুলি যা বিল্ডিং সার্ভিসের কর্মীদের প্রচলিত মজুরি এবং সুবিধা প্রদান করতে পারে তাদের এটি করা আবশ্যক হওয়া উচিত। এই অপরিহার্য কর্মীরা নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখার জন্য মহামারী চলাকালীন প্রতিদিন তাদের জীবনের ঝুঁকি নিয়েছেন এবং তাদের প্রতি শ্রদ্ধার সাথে আচরণ করা উচিত। আমি এই বিলে স্বাক্ষর করে নিউ ইয়র্ক শহরের অর্থনীতিতে তাদের গুরুত্ব স্বীকার করার জন্য গভর্নর ক্যাথি হোচুলকে ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলির সদস্য কারমেন দে লা রোজা বলেন, "কম মজুরির চাকরিতে ভর্তুকি দিতে বা শিল্পের যা মান তার থেকে কম দেওয়ার জন্য সরকারী তহবিল কখনই ব্যবহার করা উচিত নয়। এটি সেই প্রয়োজনীয় কর্মীদের জন্য একটি দুর্দান্ত দিন যারা অবশেষে তাদের প্রাপ্য মজুরি এবং সুবিধাগুলি উপার্জন করার জন্য তাদের এবং তাদের পরিবারের স্বাস্থ্যর ঝুঁকি নিয়েছেন।"

শেয়ার করা কাজের সুবিধা বাড়ানো
এই আইনটি (S.4049/A.5678) শেয়ার করা কাজের বেনিফিটের ঊর্ধ্বসীমাকে টানা 26 সপ্তাহ থেকে 26 সপ্তাহের সুবিধার সমান পরিমাণে পরিবর্তন করে। শেয়ার করা কাজের প্রোগ্রামটি নিয়োগকর্তাদের কর্মীদের রাখার অনুমতি দেয় এবং কর্মচারীদের সদস্যদের হ্রাস করা সময়ে কাজ করার সময় আংশিক বেকারত্বের বীমার সুবিধাগুলি গ্রহণের দ্বারা কর্মচারীদের ছাঁটাই এড়াতে দেয়। বর্তমান আইনের অধীনে, দাবিদাররা কেবলমাত্র 26 সপ্তাহের সুবিধা পেতে পারেন, UI এর অধীনে দাবিদারের সর্বাধিক সুবিধা পাওয়ার যা অধিকার আছে তা সত্ত্বেও। এই বিলটি দাবিদারদের একটি শেয়ার করা কর্মসূচির অধীনে হ্রাসকৃত UI সুবিধা সংগ্রহ করার অনুমতি দেবে যতক্ষণ না তারা ঐতিহ্যবাহী UI এর অধীনে তাদের সর্বোচ্চ বেনিফিটের পরিমাণে পৌঁছায়।

অ্যাসেম্বলির সদস্য লাটোয়া জয়নার বলেন, "নিউ ইয়র্ক চাকরি সংরক্ষণ, অভিজ্ঞ কর্মীদের ধরে রাখা এবং অর্থনীতি পুনরুদ্ধারের দিকে তাকিয়ে নিয়োগকর্তাদের সর্বোত্তম অবস্থান নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। এই আইনের মাধ্যমে, NY সেই সময়সীমা বাড়িয়ে দেবে যখন একজন যোগ্য দাবিদারকে শেয়ার করা কাজের প্রোগ্রামের অধীনে সুবিধাগুলি প্রদান করা হবে। এই কর্মসূচীটি নিয়োগকর্তা এবং কর্মচারী উভয়ের জন্যই সমান উপকারী। NYS অ্যাসেম্বলি লেবার কমিটির (NYS Assembly Labor committee) সভাপতি এবং এই আইনের পৃষ্ঠপোষক হিসাবে, আমি খুশি যে গভর্নর এই আইনে স্বাক্ষর করেছেন।

নিউইয়র্ক রাজ্যের AFL-CIO-র (New York State AFL-CIO) সভাপতি মারিও সিলেন্টো বলেন, "প্রথম দিন থেকেই গভর্নর হোচুল আইনসভা ও শ্রমের সাথে সহযোগিতামূলকভাবে কাজ করার প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং তিনি বিভিন্ন বিলে স্বাক্ষর করে সেটি আইন হিসেবে প্রণয়ন করে সেই প্রতিশ্রুতি পূরণ করেছিলেন যা শ্রমজীবী মানুষের জীবন উন্নত করবে। আজ আইনে স্বাক্ষরিত বিলগুলি, যা রাস্তার কাজের ক্ষেত্রগুলির নিরাপত্তা বৃদ্ধি করবে, কর্মীদের জন্য একটি ন্যায্য বেকারত্বের সুবিধা তৈরি করবে যাদের ছাঁটাইয়ের পরিবর্তে সময় হ্রাস করা হয়েছে, মজুরি চুরির জন্য বিবেকবর্জিত বেসরকারি নির্মাণের ঠিকাদারদের দায়বদ্ধ করবে; এবং যারা আবাসিক ভবনে কর ছাড় পান তাদের জন্য একটি প্রচলিত হার আবশ্যক করবে। আমি উভয় হাউসে গণতান্ত্রিক সংখ্যাগরিষ্ঠতা এবং বিল স্পন্সরদের, অ্যাসেম্বলি লেবারের সভাপতি লাটোয়া জয়নার, সিনেট লেবার কমিটির (Senate Labor Committee) সভাপতি জেসিকা রামোস, সিনেটর টিম কেনেডি, অ্যাসেম্বলির সদস্য উইলিয়াম ম্যাগনারেলি, সেনেটর ব্রায়ান বেঞ্জামিন এবং অ্যাসেম্বলির সদস্য কারমেন দে লা রোজাকে ধন্যবাদ জানাই এই জীবন পরিবর্তন করা বিলগুলিকে অগ্রাধিকার প্রদান করার জন্য।"

নিউ ইয়র্ক রাজ্যের বিল্ডিং এবং নির্মাণের ট্রেডস কাউন্সিলের (New York State Building and Construction Trades Council) প্রেসিডেন্ট গ্যারি লাবারবারা বলেন, "আমরা গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই এই গুরুত্বপূর্ণ বিধিকে আইনে স্বাক্ষর করার জন্য, যা নিউ ইয়র্কের নির্মাণের শ্রমিকদের মজুরি চুরির লঙ্ঘনের বিরুদ্ধে লড়াই করার জন্য একটি নতুন প্রতিকার প্রদান করবে যা পরিশ্রমী পুরুষ ও মহিলাদের তাদের মর্যাদা এবং জীবিকা থেকে বঞ্চিত করে। এটি অসাধু ঠিকাদারদের শিল্পকে মুছে ফেলতে সাহায্য করার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ এবং একটি স্পষ্ট লক্ষণ যে নিউ ইয়র্ক আর অসৎ ব্যক্তিদের ধারাবাহিকভাবে শ্রমিকদের সুবিধা নেওয়াকে সহ্য করবে না। এই গুরুত্বপূর্ণ আইনের প্রতি আমাদের অব্যাহত অঙ্গীকারবদ্ধতার জন্য আমরা আমাদের সংসদের নেতাদেরও ধন্যবাদ জানাই এবং শ্রমিকদের অধিকারকে এগিয়ে নিয়ে যাওয়ার এবং তাদের সুরক্ষাকে অব্যাহত রাখতে আমরা তাদের এবং গভর্নর হোচুলের সাথে কাজ করার জন্য উন্মুখ।"

SEIU স্থানীয় 32BJ-র (SEIU Local 32BJ) সভাপতি কাইল ব্র্যাগ বলেছেন, "এই শ্রমিক দিবসে, 32BJ গভর্নর ক্যাথি হোচুলের প্রশংসা করে নিউ ইয়র্কের শ্রমিকদের উন্নত মজুরি ও সুবিধা এবং সুরক্ষা জোরদার করার জন্য আইনে স্বাক্ষর করার জন্য। কোভিড-19 (COVID-19) মহামারীর সময় নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে নিজেদের জীবনের ঝুঁকি নিয়ে 2,000 এরও বেশি বিল্ডিং সার্ভিসের কর্মীরা অবশেষে মজুরি উপার্জন করা শুরু করবে যা তাদের পরিবারকে টিকিয়ে রাখতে পারে। মহামারীটি অর্থনৈতিক অস্থিরতার সময় শ্রমিকদের জন্য একটি শক্তিশালী নিরাপত্তার-নেটের গুরুত্বপূর্ণ গুরুত্বকেও প্রকাশ করেছিল। নিউ ইয়র্ক স্টেট শ্রম

বিভাগের (New York State Department Of Labor, NYSDOL) শেয়ার করা কাজের প্রোগ্রামের মাধ্যমে কর্মীরা যে সপ্তাহে বেনিফিট সংগ্রহ করতে পারে তার সংখ্যা বাড়ানো শ্রমিক এবং নিয়োগকর্তা উভয়কেই সাহায্য করে। আমরা সকল শ্রমিকদের সুবিধার জন্য আইনসভা এবং গভর্নরের সাথে আমাদের কাজ চালিয়ে যাওয়ার প্রত্যাশা করছি।"

নিউ ইয়র্ক রাজ্যের ডিস্ট্রিক্ট কাউন্সিল অফ কার্পেন্টারসের (New York City District Council of Carpenters) এক্সিকিউটিভের সেক্রেটারি-কোষাধ্যক্ষ জোসেফ গেইগার বলেন, "বছরের পর বছর ধরে, শোষিত শ্রমিকদের সাতে লোভী ঠিকাদাররা প্রতারণা হরেছে, যেখানে কোথাও যাওয়ার সুযোগ নেই। এই বিধিটি নিশ্চিত করবে যে নিউ ইয়র্কের প্রতিটি নির্মাণের শ্রমিক মজুরি চুরির থেকে সুরক্ষিত থাকবে। এটি বিশেষভাবে উপযুক্ত যে এটি গভর্নর হোচুল দ্বারা আইনে স্বাক্ষরিত হবে যিনি সর্বত্র শ্রম ও শ্রমিকদের অবিচল মিত্র হয়ে থেকেছেন। নিউ ইয়র্ক শহরের ডিস্ট্রিক্ট কাউন্সিল অফ কার্পেন্টারস সিনেটর রামোস এবং বিধানসভার সদস্য লাটোয়া জয়নারকে রাজ্যের বিধানসভায় বিল পাসের দায়িত্ব দেওয়ার জন্য ধন্যবাদ জানান। এটি প্রমাণ যে সরকার এখনও আমেরিকার শ্রমিকদের জন্য একটি ইতিবাচক শক্তি হতে পারে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন